দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 30 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্র সংঘর্ষের পর বগুড়া পলিটেকনিক বন্ধ ঘোষণা

বগুড়া, ২৯ জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা) ॥ শনিবার বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটে আবাসিক ছাত্র-বহিরাগত ও স্থানীয় ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে কমপক্ষে ৫/৬ জন আহত হয়। এ ঘটনায় ৩ দিনের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজ কর্তৃপক্ষ জানায়, আবাসিক হলের ছাত্রদের কাছ থেকে জোরপূর্বক চাঁদা আদায়ের ফলে ঘটনার সূত্রপাত হয়। সকালে আবাসিক হলের ছাত্ররা স্থানীয় এক যুবককে মারপিট করলে সংঘর্ষ বাধে। ক্যাম্পাসে দু'পক্ষের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া হলে ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পড়ে আরও ৪ জন আহত হয়। ক্যাম্পাসে পুলিশ রয়েছে। তবে এ ব্যাপারে থানায় মামলা হয়নি।